

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৯.০১১.০০.০০.০০৭.২০১৩-১৮

তারিখ : ২৮.৩.১৪২৪ বঙ্গাব্দ
১২.৭.২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : শিক্ষা মন্ত্রণালয়ের অধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ১ম শ্রেণির “সহকারী প্রকৌশলী (পুর)” (সংরক্ষিত মুক্তিযোদ্ধা কোটায়) পদের লিখিত পরীক্ষা অনুষ্ঠান সংক্রান্ত।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ১ম শ্রেণির “সহকারী প্রকৌশলী (পুর)” (সংরক্ষিত মুক্তিযোদ্ধা কোটায়) পদে সরাসরি জনবল নিয়োগের জন্য প্রার্থীদের ০৩ (তিন) ঘন্টা ব্যাপী বাংলা-৫০, ইংরেজি-৫০, সাধারণজ্ঞান-৪০ ও পদ সংশ্লিষ্ট বিষয় (পুরকৌশল)-৬০ অর্থাৎ মোট ২০০ নম্বরের লিখিত পরীক্ষা নিম্ন লিখিত কেন্দ্রে বর্ণিত তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে :

কেন্দ্রের নাম	পদের নাম	তারিখ ও সময়
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।	সহকারী প্রকৌশলী (পুর) (সংরক্ষিত মুক্তিযোদ্ধা কোটায়)	২৬.৭.২০১৭ তারিখ রোজ - বুধবার অপরাহ্ন- ১.৩০ ঘটিকা হতে ৪.৩০ ঘটিকা।

পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী :

১. পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হবার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২(দুই) ঘন্টার মধ্যে কোন পরীক্ষার্থীর পরীক্ষা কক্ষ ত্যাগ করা নিষিদ্ধ।
২. বিশেষভাবে উল্লেখ্য, প্রার্থীকে একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি উত্তরপত্র প্রদান করা হবে। বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও পদ সংশ্লিষ্ট বিষয়াদির জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করবেন। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে। উত্তরপত্রে বিষয় কোড ভুল লিখলে বা পূরণ করলে বা এক বিষয়ের উত্তরপত্রে অন্য বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
৩. পরীক্ষার্থীকে কালো কালির কলম বা বল পয়েন্ট কলম সাথে আনতে হবে। পরীক্ষা কেন্দ্রে বইপুস্তক, ব্যাগ, যে কোন প্রকার ঘড়ি, মোবাইল ফোন বা যে কোন প্রকার যোগাযোগ যন্ত্র কোনক্রমেই সাথে আনা যাবে না। পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটর (সাইন্টিফিক ক্যালকুলেটর নয়) ব্যবহার করা যাবে। হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া বাঞ্ছনীয়।
৪. এ পরীক্ষায় যে কোন রকম অসদুপায় অবলম্বনের জন্য পরীক্ষার্থীকে হল থেকে বহিস্কার করা হবে। কোন পরীক্ষার্থী পরীক্ষায় নকল করলে বা অন্য কোন অসদুপায় অবলম্বন করলে বা কোন অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পদের জন্য তিনি আবেদন করতে পারবেন না। এছাড়া ক্ষেত্র বিশেষে মামলা দায়েরপূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতেও উক্ত পরীক্ষার্থীকে সোপর্দ করা হবে।
৫. পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ বিষয়ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুকে নেয়ার পর পরীক্ষার্থীগণ কক্ষ ত্যাগ করবেন।
৬. এ পদগুলোর আবেদনপত্র অনলাইনে গ্রহণ করা হয়েছে। অনলাইনে আবেদনকারী প্রার্থীগণ তাদের স্ব স্ব প্রবেশপত্র নিয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের (www.bpsc.gov.bd) এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর (<http://bpsc.teletalk.com.bd>) ওয়েব সাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করবেন। প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।
৭. এই বিজ্ঞপ্তিটি কমিশনের (www.bpsc.gov.bd) ওয়েব সাইট এবং কমিশনের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

[পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)